

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	চীফ সাইন্টিস্ট টাঁঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে প্রশংসনীয় শিক্ষাগত যোগ্যতার অধিকারী এবং প্রখ্যাত বিজ্ঞানী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই ফিজিক্যাল/কেমিক্যাল/বায়োলজিক্যাল/ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস ডিসিপ্লিন-এ পি.এইচ.ডি ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইনস্টিটিউট/আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে ১২ বৎসরের প্রমানিত গবেষণামূলক কাজের অভিজ্ঞতাসহ প্রখ্যাত রেফরিড জার্নালে ন্যূনতম ১৫ টি মৌলিক প্রবন্ধ প্রকাশনা থাকিতে হইবে তন্মধ্যে অন্ততঃ ৭টি প্রবন্ধ প্রখ্যাত আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে। অন্যভাবে উপর্যুক্ত বিবেচিত হইলে চীফ সাইন্টিস্ট পদের বিপরীতে প্রিন্সিপাল সাইন্টিস্ট পদে নিয়োগ দেওয়া যাইতে পারে।
২।	চীফ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার টাঁঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে যন্ত্রকোশল/তড়িৎ কোশল/ফলিত পদার্থ ও ইলেকট্রনিক বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণীর বি.এসসি ইঞ্জিনিয়ারিং/বি.এসসি (সম্মান) এবং এম.এস.এস ডিগ্রী প্রাপ্ত হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইনস্টিটিউট/আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসাবে ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষনে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পি.এইচডি ডিগ্রীধারী প্রার্থী এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষনে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে।
৩।	প্রিন্সিপাল সাইন্টিস্ট টাঁঃ ৫০,০০০-৭১,২০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই)টি	প্রার্থীকে অবশ্যই ফিজিক্যাল/কেমিক্যাল/বায়োলজিক্যাল/ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস ডিসিপ্লিন-এ পি.এইচডি ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইনস্টিটিউট/আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে ন্যূনতম ৭ বৎসরের গবেষণামূলক কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর প্রখ্যাত রেফরিড জার্নালে ন্যূনতম ১০ টি মৌলিক প্রবন্ধের প্রকাশনা থাকিতে হইবে, তন্মধ্যে অন্ততঃ ৫ টি প্রবন্ধ প্রখ্যাত আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হইতে হইবে। প্রার্থীকে প্রশংসনীয় শিক্ষাগত যোগ্যতার অধিকারী এবং প্রখ্যাত বিজ্ঞানী হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে। অন্যভাবে উপর্যুক্ত বিবেচিত হইলে প্রিন্সিপাল সাইন্টিস্ট পদের বিপরীতে সিনিয়র সাইন্টিস্ট পদে নিয়োগ দেওয়া যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ০৭-০৬-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

